আজকের কাগজ

তারিখ 28 MAY 1993
পৃষ্ঠা ৬ কলাম ২

# রাজশাহী বিশ্ববিদ্যালয়ের অধীন ১৬ হাজার রেফার্ড পরীক্ষার্থীর ভাগ্য অনিশ্চিত

রাজশাহী বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের দায়িত্বে অবহেলা ও উদাসীনতার শিকার হয়েছে অধিভুক্ত ২শ', ৫২টি কলেজের বিএ পাস পরীক্ষার্থীরা। কর্তৃপক্ষ পাস কোর্সের প্রতি বরাবরই এরূপ আচরণ করে আসছেন বলে বিভিন্ন মহল থেকে অভিযোগ উঠেছে। তাদের পরীক্ষাগত পদ্ধতি ত্রুটিপূর্ণ, ফল প্রকাশে বিলম্ব ইত্যাদি কারণে পাসকোর্সে সৃষ্টি হয়েছে সেসন জট। বর্তমানে প্রায় ১৬ হাজার রেফার্ড পরীক্ষার্থীর ভাগ্য অনিশ্চিত। প্রায় তিন মাস আগে অনুষ্ঠিত রেফার্ড পরীক্ষার ফল কর্তৃপক্ষ এখনো ঘোষণা করেনি। অথচ বিএ পাস '৯২-এর পরীক্ষার রুটিন ১০ জুন থেকে ঘোষণা করা হয়েছে। বর্তমানে রেফার্ড পরীক্ষার ফল ঘোষণা করা হলেও সময়ের স্বল্পতার কারণে আসন্ন পরীক্ষায় তাদের (অকৃতকার্য) অংশ নেয়া অনিশ্চিত হয়ে পড়েছে। অপরপক্ষে ১৭ জুন থেকে এইচএসসি পরীক্ষা শুরু এবং রেফার্ড পরীক্ষার ফল ঘোষণা না হওয়ায় বিভিন্ন কারণে পরীক্ষা পিছিয়ে যাওয়ার আশংকা রয়েছে। তাছাড়া নির্ধারিত সময়ে পরীক্ষা হলেও দ্রুত ফল প্রকাশ না হলে অকৃতকার্যদের খুব অসুবিধা হবে। কারণ জাতীয় বিশ্ববিদ্যালয় অধীনস্থ ডিগ্রী পাস '৯৩ পরীক্ষা এ বছরের ডিসেম্বর মাসে অনুষ্ঠিত হবে বলে কর্তৃপক্ষ সিদ্ধান্ত নিয়েছে। রাজশাহী থেকে আবু সালে মোঃ ফাত্তাহ।